

## শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পরিষদের স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে শিক্ষক সংগঠনগুলোর কঠোর প্রতিবাদ

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকদের ওপর নির্যাতন এবং পরিচালনা পরিষদের স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ উত্থারিত হচ্ছে। দেশের শিক্ষক সংগঠনগুলো একাবদ্ধ অবস্থান নিতে যাচ্ছে এ ব্যাপারে। শিক্ষক সংগঠনগুলোর মধ্যে ইতোমধ্যে এ নিয়ে আলোচনায় বসার প্রক্রিয়া শুরু হয়েছে। উদ্বেগ, অতি সশ্রুতি প্রবীণ শিক্ষক নেতা অধ্যক্ষ কাজী ফারুক আহমেদকে তাঁর শিক্ষা প্রতিষ্ঠান থেকে সাসপেন্ড করা হয়েছে। একই সঙ্গে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও দেখা যাচ্ছে একই রকম হয়রানির প্রবণতা। এর আগে একই প্রক্রিয়ায় চাকরিচ্যুত করা হয়েছে ডিকারুননিসা নুন ফুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ হামিদা আলী, তেজগাঁও কলেজের অধ্যক্ষ মোঃ আবদুর রশিদ, আলহাজ্ব মকবুল হোসেন কলেজের অধ্যক্ষ মোঃ মহীবুল্লাহ, বঙ্গবন্ধু কলেজের অধ্যক্ষ ফজলুল হক সরকার, মিরপুর গার্লস আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ রাজিয়া হোসেন, উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ মোঃ শাহ আদমকে। এ ছাড়া অনেক কলেজের বিপুলসংখ্যক অধ্যাপককেও করা হয়েছে চাকরিচ্যুত। এদেরকে এমনকি কলেজ ক্যাম্পাসে প্রবেশও করতে দেয়া হচ্ছে না। সরকার একদিকে শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনীতিমুক্ত করার কথা বলছে, অন্যদিকে দলীয় লোকদের নিয়ে বসেছে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদে।

কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিলিস) টিয়ারিং কমিটির এক সভা অনুষ্ঠিত হয়েছে। সমিতির সভাপতি অধ্যক্ষ মোঃ শাহজাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপস্থিত ছিলেন অধ্যাপক সিরাজুল হক আলো, অধ্যাপক সফিকুল মাওলা, অধ্যাপক মনির হোসেন, অধ্যাপক এমএন রায় সমর, উপাধ্যক্ষ নজরুল মজিদ বেলাল, অধ্যক্ষ সফিকুল ইসলাম সফিক, অধ্যক্ষ মোঃ আলী চৌধুরী মানিক, অধ্যাপক আবদুস ছালাম প্রমুখ। শিক্ষায়নে উদ্ভূত এই নাজুল পরিস্থিতি নিয়ে বিভিন্ন শিক্ষক সংগঠনকে নিয়ে আলোচনার উদ্যোগ নেয়া হয়েছে। আর এ উদ্যোগ নিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন। ইতোমধ্যে এ নিয়ে যে সকল সংগঠনের সঙ্গে যোগাযোগ করা হয়েছে তার মধ্যে রয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান-খুরশীদ আলম), অধ্যক্ষ পরিষদ ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (অধ্যক্ষ শরীফুল ইসলাম-রাজিয়া হোসেন), বাংলাদেশ শিক্ষক সমিতি (রাজাক-সেলিম ভূইয়া), বাংলাদেশ শিক্ষক সমিতি (আজিজুল ইসলাম-শহীদুল্লাহ), বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল), বাংলাদেশ শিক্ষক সমিতি (শাখাওয়াৎ), বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (ড. আবতালুজ্জামান-বারী), বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (শাহজাহান-রশিদ), বাংলাদেশ জমিয়াতুল মোদারেহীন প্রভৃতি।

চলমান এইসব পরিস্থিতি নিয়ে গত মঙ্গলবার বাংলাদেশ